

112077 - যদি কেউ নামাযের কোন একটি সুন্নত আদায় করতে ভুলে যায় সে কি সাহু সেজদা দিবে?

প্রশ্ন

- ১। এক ব্যক্তি নামায পড়ছেন। নামাযের মধ্যে সূরা ফাতিহা পড়ার পর আমীন বলতে ভুলে গেছেন। তার উপর কী করা আবশ্যিক?
- ২। যে ব্যক্তি নামাযের মধ্যে তেলাওয়াত করাকালে বিস্মিল্লাহ বলতে ভুলে গেছে তার উপর কী করা আবশ্যিক?

প্রিয় উত্তর

নামাযে সূরা ফাতিহা পড়ার আগে বা অন্য কোন সূরা পড়ার আগে বিস্মিল্লাহ পড়া নামাযের একটি সুন্নত। অনুরূপভাবে আমীন বলাও সুন্নত। যে ব্যক্তি এর কোনটি পড়তে ভুলে গেছেন তার উপর সাহু সেজদা দেয়া আবশ্যিক নয়; বরং দেয়াটা মুস্তাহাব। যদি তিনি সেজদা না দেন তাহলে তার উপর কোন কিছু আবশ্যিক হবে না। তার নামায সহিহ।

শাইখ উছাইমীন (রহঃ) বলেন:

“যদি কোন ব্যক্তি ভুলবশতঃ কোন একটি মুস্তাহাব কথা বা কাজ ছেড়ে দেয়; অথচ তার অভ্যাস হচ্ছে সেটি করা; তার ক্ষেত্রে এই কামালিয়তের ঘাটতি পূরণ করার জন্য সেজদা দেয়া শরিয়ত অনুমোদন করে। সেটা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাদিস: **« لِكُلِّ سَهْوٍ سَجْدَتَانِ »** (প্রত্যেক ভুলের জন্য দুইটি সেজদা রয়েছে)-এর সার্বিকতা এবং সহিহ মুসলিমের হাদিস: **« إِذَا نَسِيَ أَحَدُكُمْ، فَلْيَسْجُدْ سَجْدَتَيْنِ »** (যদি তোমাদের কেউ ভুল করে তাহলে সে যেন দুটো সেজদা দেয়)-এর সার্বিকতার কারণে। যেহেতু এখানে নির্দেশনাটি আম। পক্ষান্তরে, কেউ যদি এমন কোন একটি সুন্নত ছেড়ে দেয় যেটি করা তার অভ্যাস ছিল না; তার ক্ষেত্রে সেজদা দেয়া সুন্নত নয়। কেননা মূলতঃই তার মনে সেটি করার কথা জাগেনি।”[আল-শারহুল মুমতি (৩/৩৩৩) থেকে সমাপ্ত।

নামাযের আরকান, ওয়াজিব ও সুন্নতগুলো জানতে [65847](#) নং প্রশ্নোত্তরটি পড়ুন।